# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 07.07.2024 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে উত্তর ২৪ পরগণার বাগদা ও রানাঘাট দক্ষিণ আসন দুটি নির্বাচন কমিশনের বিশেষ নজরে রয়েছে।

মোতায়েন করা হয়েছে বেশি সংখ্যক কেন্দ্রীয় বাহিনী জওয়ান।

২) রাজ্যে সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজগুলিতে চোখের চিকিৎসার পরিকাঠামোর বিষয়ে জানতে চেয়ে রিপোর্ট তলব স্বাস্থ্য দপ্তরের।

৩) রাজ্যে চলতি বছরে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় সফল প্রার্থীদের অনলাইন কাউন্সেলিং শুরু হচ্ছে আগামী বুধবার।

৪) ঘূর্ণাবর্ত ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গে ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস। জলস্তর বাড়ছে নদীগুলিতে। প্লাবিত কোচবিহার, জলপাইগুড়ির বহু এলাকা।

৫) সারা দেশের সঙ্গে এরাজ্যেও মহা সমারোহে পালিত হচ্ছে রথযাত্রা উৎসব।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যে আসন্ন চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে উত্তর ২৪ পরগণার বাগদা এবং রানাঘাট দক্ষিণ, আসন দুটি নির্বাচন কমিশনের বিশেষ নজরে রয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, এই দুটি আসনই তুলনামূলকভাবে

উত্তেজনাপ্রবণ হওয়ায় কুইক রেসপন্স টিম কিউআরটি-র পাশাপাশি বুথ নিরাপত্তায় যত বেশি সম্ভব সশস্ত্র জওয়ান মোতায়েনের বিষয় ভাবনা চিন্তা চলেছে। এর মধ্যে বাগদা আসনে ভোটকেন্দ্রগুলিতে ৯৬০ জন কেন্দ্রীয় বাহিনীর জওয়ান থাকবে। কিউআরটি টিমে থাকছেন ১৯৩ জন কেন্দ্রীয় জওয়ান। রানাঘাট দক্ষিণ আসনে ৯০০ জন নিরাপত্তা কর্মীর পাশাপাশি ১৮০ জন কেন্দ্রীয় জওয়ান কিউআরটি টিমে থাকছেন।

কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জ আসনে তুলনামূলক কম সংখ্যক কেন্দ্রীয় বাহিনী থাকছে। রায়গঞ্জে ৬৭২ জন জওয়ান থাকছেন ভোট কেন্দ্রে এবং মানিকতলায় থাকছেন ৭২০ জন জওয়ান। সদ্য সমাপ্ত লোকসভা নির্বাচনে রাজ্যের বিভিন্ন জায়গা থেকে কিউআরটি টিমের বিভিন্ন কাজকর্ম নিয়ে প্রশ্ন ওঠায় সেদিকে বিশেষভাবে নজর দিয়েছে কমিশন।

১০ ই জুলাই এই চার আসনে উপনির্বাচনে ভোটগ্রগণ।

---------------------

উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস সন্ত্রাসের আশ্রয় নিয়ে ভোট করাতে চাইছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি মন্তব্য করেছেন। আজ উত্তর ২৪ পরগণার বাগদায় দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে অংশ নিয়ে শুভেন্দু বাবু বলেন, তৃণমূল কংগ্রেসের লোভের কারণেই এই উপনির্বাচনের প্রয়োজন হচ্ছে।

বাইট শুভেন্দু

বাজিতপুর বাজার থেকে সিন্দ্রানি পর্যন্ত পদযাত্রাও করেন শুভেন্দু অধিকারী। পথ চলতি মানুষের সঙ্গে কথাও বলেন তিনি।

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুর আজ ঐ আসনে দলীয় প্রার্থী মধুপর্ণা ঠাকুরের সমর্থনে বাগদার সিন্দ্রানিতে জনসংযোগ করেন।

ঐ আসনে ফরোয়ার্ড ব্লক প্রার্থী গৌরাদিত্য বিশ্বাস বাড়ি বাড়ি জন সংযোগ সারছেন।

কংগ্রেস প্রার্থী অশোক কুমার হালদারও বাড়ি বাড়ি প্রচার চালাচ্ছেন।

--------------------

রাজ্যের সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজগুলিতে চোখের চিকিৎসার জন্য বর্তমানে কি পরিকাঠামো রয়েছে, সে বিষয়ে স্বাস্থ্য দপ্তর সব জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও হাসপাতাল সুপারদের কাছে সাত দিনের মধ্যে রিপোর্ট তলব করেছে। পাশাপাশি সংক্রমন প্রতিরোধে কি পদক্ষেপ গ্রহন করা হয়েছে এবং চোখের অস্ত্রপচারের সময় কি কি নিয়ম মেনে চলতে হবে, তা নিয়েও দপ্তরের তরফে মান্য কার্য্যবিধি - এসওপি জারি করা হয়েছে। চোখের পরীক্ষায় ব্যবহৃত বিভিন্ন ধরনের সরঞ্জাম ও অপারেশন থিয়েটার নিয়মিত জীবানুমুক্ত করার জন্য নির্দিষ্ট কিছু নিয়ম বেঁধে দেওয়ার সঙ্গে সঙ্গে অস্ত্রোপচারের সময় ব্যবহৃত ওষুধ ও ফ্লুইড ব্যবহারের আগে সেগুলির ব্যাচ নম্বর নথিভুক্ত করতে হবে বলে জানানো হয়েছে। সম্প্রতি গার্ডেনরিচ সুপার স্পেশালিটি হাসপাতালে ছানি অপারেশনের পর একসঙ্গে ১৬ জন চোখে দেখতে পাচ্ছিলেন না বলে অভিযোগ ওঠে। সংক্রমনের কারনেই এই ঘটনা বলে চিকিৎসকদের অভিমত।

--------------------

রাজ্যে চলতি বছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় সফল প্রার্থীদের অনলাইন কাউন্সেলিং শুরু হবে আগামী বুধবার ১০ই জুলাই। আজ কলকাতার নেতাজী ইন্ডোর

স্টেডিয়ামে গতকাল আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দিয়ে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের সভাপতি সোনালী চক্রবর্তী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন পাঁচ-ই আগস্ট পর্যন্ত এই কাউন্সেলিং চলবে। কাউন্সেলিং-এ অংশ নেওয়ার জন্যে জয়েন্ট বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। পরে মেধাতালিকা অনুযায়ী ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার সব বিভিন্ন বিভাগে মোট ৩৫ হাজার আসনে ভর্তি হতে পারবেন প্রার্থীরা। এবছর ইঞ্জিনিয়ারিং-এ আসন সংখ্যা বেড়েছে প্রায় ৬ হাজার।

গতকালের অনুষ্ঠানে যোগ দিয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, ছাত্রছাত্রীদের যুগের সঙ্গে তাল মিলিয়ে বিষয় বেছে নিতে আহ্বান জানান।

বাইট

--------------------

শহর কলকাতায় ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই ভালো বলে রাজ্যের পুর ও নরগোরন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। পুরভবনে আজ সাংবাদিকদের প্রশ্নের জবাবে মেয়র বলেন, গতবছর যেখানে শহরে ১৭৯ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছিলেন, এবছর তা কমে হয়েছে ১১২। আক্রান্তরা সকলেই সুস্থ আছেন বলে মেয়র জানান। ডেঙ্গু প্রতিরোধে মানুষের সচেতনতার ওপরেও জোর দিয়েছেন তিনি। কলকাতা শহরে গুলি চালনার ঘটনা সম্পর্কে ফিরহাদ

বাইট ফিরহাদ

--------------------

উত্তর দিনাজপুরের চোপড়া কাণ্ডে প্রধান অভিযুক্ত জে.সি.বি ওরফে তাজিমুল হককে ফের পাঁচ দিনের পুলিশি হেফাজত দিয়েছে আদালত। গতকাল তাঁকে ইসলামপুর

আদালতে তোলা হয়। তাজিমুলের কাছ থেকে দুটি রিভারভার মেলায় অস্ত্র আইনে নতুন মামলা রুজু করা হয়েছে। আগামীদিনে এই মামলার তদন্ত করার জন্য তাকে বাইরে কোন রাজ্যে নিয়ে যাওয়া হবে কিনা সে ব্যাপারে চিন্তা ভাবনা করা হচ্ছে বলে সরকারি আইনজীবী সঞ্জয় ভাওয়াল জানিয়েছেন।

এদিকে রাজ্যে সালিশি সভার নামে শাসকদল মানুষের উপর অত্যাচার চালাচ্ছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

বাইট

সালিশি সভা করে শাস্তির বিধানের কড়া সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী।

--------------------

ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতে কিছু কিছু জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং দু এক জায়গায় অতি প্রবল বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ৯ জুলাই পর্যন্ত বৃষ্টি কিছুটা কমলেও ১০ তারিখ থেকে বৃষ্টির পরিমাণ আবার বাড়বে বলে জানানো হয়েছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন

বাইট

আজ দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার জেলার কিছু অংশে ভারী থেকে অতি ভারী ও জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার বিক্ষিপ্ত কিছু জায়গায় ও পশ্চিমবঙ্গে হিমালয় সংলগ্ন অঞ্চলে অতি প্রবল বৃষ্টির লাল সতর্কতা রয়েছে। উত্তর দিনাজপুর জেলার কিছু জায়গায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারী করেছে

আবহাওয়া দপ্তর। আগামীকাল উত্তরবঙ্গের ওপরের জেলাগুলিতে ভারী বৃষ্টির কমলা সতর্কতা ও আগামী সোমবার হলুদ সতর্কতা জারী করা হয়েছে।

এদিকে, পাহাড়ে ধ্বস নামার ও তিস্তা, জলঢাকা, সঙ্কোষ, তোর্সা সহ সব নদীর জলস্তর বাড়তে পারে বলে আবহাওয়া দপ্তর সতর্ক বার্তা জারি করেছে।

ডুয়ার্সে ভারি বৃষ্টিতে আশঙ্কা বাড়ছে হড়পা বানের। হলুদ সতর্কতা জারি করা হয়েছে দোমোহনী এলাকায়।

মালবাজার মহকুমার টোটগাঁও গ্রামের ঢুকে পড়েছে তিস্তার জল। ৫০ টিরও বেশি বাড়ি জলমগ্ন।

অন্যদিকে জলপাইগুড়ি শহরের ২৫ টি ওয়ার্ড জলমগ্ন। করোলা নদীর জলে বন্যা পরিস্থিতিতে শহরের এক নম্বর ও ২৫ নম্বর ওয়ার্ডের নীচমাঠ ও পরেশ মিত্র কলোনী এলাকা বানভাসী। ৩০০-টিরও বেশি পরিবার আশ্রয় নিয়েছেন ফ্লাড শেল্টার কমিউনিটি হলে। পুরসভার তরফ থেকে রান্না করা ও শুকনো খাবারের ব্যবস্থা করা হয়েছে। তিস্তায় জল বাড়ার কারণে পরিস্থিতি আরও খারাপ হতে পারে বলে আশঙ্কা পুর কর্তৃপক্ষের।

এদিকে, কোচবিহারের তুফানগঞ্জ এক নম্বর ব্লকের বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ১১ টি গ্রাম পঞ্চায়েতের সবকটিতেই নীচু এলাকায় জমেছে জল। অনেক জায়গাতেই নদীর জল চাষের জমিতে ঢুকে পড়েছে বলে খবর। সবচেয়ে খারপ অবস্থা চরমালাবুট এলাকায়। তুফানগঞ্জ এক নম্বর ব্লকের বিডিও সঞ্জয় ঘিসিং গতকাল বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। দেড়শোটিরও বেশি ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য ত্রাণ শিবির খোলা হয়েছে বলেও তিনি জানান। কমিউনিটি কিচেন খুলে খাবার দেওয়া হচ্ছে। তুফানগঞ্জ ২ নম্বর ব্লকের বারোকদালি ১ ও ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বেগারখাড়া পশ্চিম লাঙ্গল গ্রাম এলাকায় রায়ডাক নদীর বাঁধ ভেঙে জলমগ্ন।

এদিকে, টানা বৃষ্টিতে উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ব্লকের রাধিকাপুর অঞ্চলের গোরগাঁও, উদগ্রাম, রাধিকাপুর এলাকার কয়েকশো বিঘা জমি জলমগ্ন। সমস্যায় পড়েছেন সীমান্তবর্তী এলাকার কৃষকরা। গ্রামবাসীদের অভিযোগ, সীমান্তবর্তী এলাকায় বেশ কয়েকটি কালভার্ট রয়েছে জল পারাপারের জন্য। কিন্তু নিরাপত্তার কারণ দেখিয়ে বিএসএফ-এর তরফ থেকে সেগুলির মুখ আটকে দেওয়া হয়েছে। বারবার সেগুলি খুলে দেওয়ার দাবি জানালেও সমস্যার সমাধান হয়নি।

--------------------

যাবজ্জীবন সাজাপ্রাপ্ত মাওবাদী নেতা বিক্রম ওরফে অর্ণব দাম বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পিএইচডি-র সুযোগ পাচ্ছেন। শুক্রবার সফলদের তালিকা প্রকাশিত হলে দেখা যায় প্রবেশিকা পরীক্ষায় তিনি প্রথম হয়েছেন। বর্তমানে অর্ণব হুগলী সংশোধনাগারে বন্দী। সেখান থেকেই জেল কর্তৃপক্ষের তত্ত্বাবধানে পুলিশি নিরাপত্তায় গত ২৬ জুন পিএইচডির জন্য মৌখিক পরীক্ষা দেন তিনি।

--------------------

আজ রথযাত্রা। সারা দেশের সঙ্গে এরাজ্যেও মহা সমারোহে রথযাত্রার আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতার ইস্কনের রথযাত্রার সূচনা করবেন। দুপুর দুটোয় অ্যালবার্ট রোডে ইস্কন মন্দির প্রাঙ্গনে রথের রশি টেনে রথযত্রার সূচনা করা হবে। মধ্য দক্ষিণ কলকাতার বেশ কয়েকটি পথ পরিক্রমা করে সুসজ্জিত রথ পৌঁছবে ব্রিগেড গ্রাউন্ডে অস্থায়ী মাসির বাড়িতে। সেখানে সপ্তাহ ব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করেছে ইস্কন কর্তৃপক্ষ।

নদীয়ার মায়াপুর ইস্কনের রাজাপুর জগন্নাথ মন্দিরে রথযাত্রা উৎসবের প্রস্তুতি চলছে। হাজির হয়েছেন দেশ বিদেশের বহু মানুষ।

রাজ্যের ঐতিহ্যবাহী ৬২৮ বছরের প্রাচীন হুগলীর মাহেশে রথযাত্রায় বহু মানুষের সমাগম হবে। জেলার আর এক প্রান্তে গুপ্তিপাড়া রথযাত্রাকে কেন্দ্র করে মানুষ ইতোমধ্যেই উৎসবে সামিল হয়েছেন।

উত্তর কলকাতার বাগবাজার জগন্নাথ মন্দির পরিচালন সমিতির উদগ্যোগে আগামীকাল পালিত হবে রথাযাত্রা।

এই উপলক্ষে রাজ্যের সর্বত্রই কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। সর্বত্র আইনশৃঙ্খলা পরিস্থিতি নির্বিঘ্ন রাখতে রাজ্য সরকার, সব জেলা পুলিশ সুপার এবং কমিশনারদের নির্দেশ দিয়েছে। রাজ্যের নিরাপত্তার দায়িত্বে থাকা এডিজি পদমর্যাদার আধিকারিক পীযূষ পান্ডে গতকাল শীর্ষ স্তরের কর্তা ব্যক্তিদের সঙ্গে বৈঠক করেন। রথযাত্রার সময়ে জন্য পুলিশকে সাদা পোশাকে থেকে পরিস্থিতির ওপর নজর রাখতে বলা হয়েছে। গন্ডগোলের সম্ভাবনা এড়াতে গোয়েন্দা বিভাগকে আরো সক্রিয়ভাবে কাজ করার কথা বলেছেন আধিকারিকরা।

রথযাত্রা ও উল্টো রথ উপলক্ষে পূর্ব রেলের হাওড়া ডিভিশন, হাওড়া ও ব্যান্ডেলের মধ্যে বিশেষ লোকাল ট্রেন চালাবে বলে পূর্ব রেল সূত্রে জানা গেছে।

-------------------- --------------------